তারিখ 18 MAR 1991
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক ইত্তেফাক

23

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ১৬৬৮ আসনের জন্য ১৫ হাজার আবেদনপত্র

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯০-৯১ শিক্ষা বর্ষের ১ম বর্ষ (সম্মান) এবং বিভিন্ন কোর্সের প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় ১০জন ছাত্র-ছাত্রী ভর্তির আবেদন করিয়াছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ বি,এস-সি (সম্মান), বি এ (সম্মান), ফরেষ্ট্রি ও মেরিন সায়েন্স ইনষ্টিটিউট এবং বি, বি,এ কোর্সের ২২টি বিভাগের ১৬৬৮টি

(২য় পৃ: ৪-এর ক: দ্র:)

## ১৬৬৮টি আসনের জন্য

(১ম পৃ: পর)

আসনে মোট ১৫১৫৯টি আবেদনপত্র জমা পড়িয়াছে। ক-ইউনিট (বিজ্ঞান অনুষদ) এর ৬টি বিভাগে ৪৮৭টি আসনের জন্য ৪১০০টি ফরম জমা পড়িয়াছে। গত বৎসর ৫৭০০ ফরম জমা পড়িয়াছিল। এই বৎসর ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষা ইতিমধ্যে অনুষ্ঠিত হওয়ায় বিজ্ঞান অনুষদ (ক-ইউনিট)-এ ছাত্র-ছাত্রীদের অপেক্ষাকৃত ভীড় কম। খ-ইউনিট (কলা ও সমাজ বিজ্ঞান)-এর ৬২৪টি আসনের জন্য ১৯৭০টি ফরম জমা পড়িয়াছে। গত বৎসর এই ইউনিটে ২৩০০ ফরম জমা পড়িয়াছিল। গ-ইউনিট (বি,বি,এ) এর ২০৪টি আসনের জন্য ফরম জমা পড়িয়াছে ৪১০০। ঘ-ইউনিট (সম্মিলিত গ্রুপ) এর ২৮৯টি আসনের জন্য ৩৯০০টি ফরম জমা পড়িয়াছে। এই ইউনিটের মাধ্যমে বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ হইতে (এইচ,এস,সিতে) উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা তাহাদের বিভাগ পরিবর্তন করিতে পারিবে। ফরেষ্ট্রি ইনষ্টিটিউট-এর ৪২টি আসনের জন্য ৪৯০টি আবেদনপত্র জমা পড়িয়াছে এবং মেরিন সায়েন্স ইনষ্টিটিউট-এর ৪২টি আসনের জন্য ৫৯৯টি ফরম জমা পড়িয়াছে। সব চাইতে বেশী প্রতিযোগিতা দেখা যাইতেছে গ-ইউনিট (বি, বি, এ)। এই ইউনিটের প্রতিটি আসনের জন্য ২০টি আবেদনপত্র জমা পড়িয়াছে। আর সব চাইতে কম প্রার্থী খ-ইউনিট (কলা ও সমাজ বিজ্ঞান)। এখানে প্রতিটি আসনের জন্য ৩ জন আবেদন করিয়াছে।

প্রতিটি বিভাগে ২টি করিয়া আসন উপজাতীয় ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত রাখা হয়।

এইবার অন্যান্য বৎসরের তুলনায় কিছু কম আবেদন জমা পড়িয়াছে। ইহার মূল কারণ হইতেছে ছাত্র সংঘর্ষে বিশ্ববিদ্যালয় প্রায় ৩ মাস বন্ধ থাকা। আবেদনপত্র জমা দেওয়ার সময়ও ছিল স্বল্প।